DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 08:58 PM

জাতীয়

# পূর্বাচলে হচ্ছে ৪ থানা, ৬ হাজার পুলিশের নতুন জোন: আইজিপি

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বুধবার, ০১ জুলাই ২০২৬, ০৬:৫৫ PM



পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির

পূর্বাচল নতুন শহর প্রকল্পকে নিচ্ছিন্দ্র নিরাপত্তার চাদরে ঢাকতে এক বিশাল মহাপরিকল্পনা হাতে নিয়েছে পুলিশ।

বুধবার (১ জুলাই) সকালে পূর্বাচলের বরকাউ পুলিশ ক্যাম্প উদ্বোধনের সময় এই জমকালো ভাবনার কথা জানান পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির।

তিনি জানান, দ্রুতই এই নতুন শহরে গড়ে তোলা হবে ৪টি থানা, ৬টি তদন্ত কেন্দ্র, ২টি পুলিশ লাইনস, ৩টি ডিসি অফিস এবং ৪১টি পুলিশ বক্স। এই বিশাল কর্মযজ্ঞের জন্য ইতোমধ্যে ২৯.২১ একর জমির মধ্যে ১৮.৬৩ একরের রেজিস্ট্রেশনও শেষ করে ফেলেছে পুলিশ।

তবে সবচেয়ে বড় চমক হচ্ছে, পুরো পূর্বাচলকে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অধীনে এনে একজন অতিরিক্ত পুলিশ কমিশনারের

নেতৃত্বে সম্পূর্ণ পৃথক একটি বিভাগ হিসেবে গড়ে তোলা হবে, যেখানে নিরাপত্তার দায়িত্বে থাকবেন প্রায় সাড়ে ছয় হাজার পুলিশ সদস্য।

বর্ণাঢ্য এই উদ্বোধনী অনুষ্ঠানে ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদসহ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

---

## এ বিভাগের আরও খবর



**গুলিস্তানে এসি বিস্ফোরণে দগ্ধদের দেখতে হাসপাতালে স্বাস্থ্যমন্ত্রী**
রাজধানীর গুলিস্তানের আলু বাজার এলাকায় একটি সেলুনে এসি বিস্ফোরণে দগ্ধদের দেখতে গিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হো...



**প্রতিরক্ষা উপদেষ্টার সঙ্গে বৈঠক করলেন অজিত দোভাল**
বিমসটেক জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের (এনএসএ) পঞ্চম বৈঠকের আগে বাংলাদেশের প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে...



**বাজেট অধিবেশন শেষ, পাস হলো ১০ বিল**
ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় (বাজেট) অধিবেশন শেষ হয়েছে। অধিবেশন চলাকালে ১০টি সরকারি বিল পাস হয়েছে।বুধবার (১৫ জুলাই) ডেপুটি স্পিকার ব্যারিস্ট...



**বে টার্মিনাল চালু হলে অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে: প্রধানমন্ত্রী**

চট্টগ্রামের বে টার্মিনাল চালু হলে দেশের সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আসবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বড় জাহ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/Bangladesh-police